# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 15-09-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দফতরে কম্বাইন্ড কমান্ডার্স কনফারেন্সের সূচনা করেছেন।

শ্রী মোদী ইন্ডিয়ান আর্মড ফোর্সেস ভিশন ২০৪৭-এর নথি উন্মোচন করেছেন।

২) সুপ্রিম কোর্ট ২০২৫-এর ওয়াকফ সংশোধনী আইন সম্পূর্ণ বাতিল করার আর্জি খারিজ করে কয়েকটি ধারায় স্থগিতাদেশ জারি করেছে।

৩) রাজ্য সরকার তফসিলি জাতির শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে নিয়ম শিথিল করতে চলেছে।

৪) কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম আজ অবসর গ্রহণ করেছেন। বিচারপতি সৌমেন সেন আপাতত কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে দায়িত্ব সামলাবেন।

৫) মোহনবাগান সুপার জায়ান্ট আগামীকাল এএফসি চ্যাম্পিয়ান্স লিগ টু-র গ্রুপ সি-র ম্যাচে তুর্কমেনিস্তানের আহল এফ কে-র মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ কলকাতায় সেনা বাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দফতরে কম্বাইন্ড কমান্ডার্স কনফারেন্সের সূচনা করেন। তিন দিনের এই সম্মেলনের মূল ভাবনা ইয়ার অব রিফর্মস : ট্রান্সফরমেশন ফর দ্য ফিউচার' অর্থাৎ কয়েক বছরের সংস্কার আগামী দিনের রূপান্তরের ভিত্তি। সশস্ত্র বাহিনীর বিভিন্ন শাখার মধ্যে সমন্বয় বৃদ্ধি, প্রযুক্তিগত আধুনিকীকরণ এবং প্রাতিষ্ঠানিক সংস্কারের বিষয়ে মত বিনিময় হবে এই সম্মেলনে।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ভারতীয় সেনার ভুয়সী প্রশংসা করে বলেন, অপারেশন 'সিন্দুর'-এ তাঁদের ভূমিকা ছিল অনবদ্য। শুধু প্রতিরক্ষা নয়, দেশ গঠনের ক্ষেত্রেও সশস্ত্র বাহিনী গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

এছাড়াও শ্রী মোদী 'ইন্ডিয়ান আর্মড ফোর্সেস ভিশন ২০৪৭' এর নথি উন্মোচন করেন। এতে ভবিষ্যৎ ভারতের জন্য আধুনিক ও সদা প্রস্তুত সশস্ত্র বাহিনী গঠনের রূপরেখা নির্ধারণ করা হয়েছে।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল, তিন বাহিনীর সর্বাধিনায়ক অনিল চৌহান, প্রতিরক্ষা প্রতিমন্ত্রী, প্রতিরক্ষা সচিব-সহ বেশ কয়েকটি মন্ত্রকের সচিবরাও এই সম্মেলনে যোগ দেন। কলকাতায় এই সম্মেলনকে ঘিরে শহরে বিশেষ নিরাপত্তা বন্দোবস্ত করা হয়েছে।

---------------------

সুপ্রিম কোর্ট, ২০২৫-এর ওয়াকফ সংশোধনী আইন সম্পূর্ণ বাতিল না করে বেশ কিছু ধারায় স্থগিতাদেশ জারি করেছে। প্রধান বিচারপতি বি আর গাভাই এবং বিচারপতি এজি মসীহ্-র বেঞ্চ-এ আজ এই মামলার শুনানি হয়। সংশোধনী

আইনে, ওয়াকফ সম্পত্তি দান করার ক্ষেত্রে কোন ব্যক্তিকে পাঁচ বছর ইসলাম ধর্মাচরণ করার যে শর্ত দেওয়া হয়েছিল, তার ওপরে স্থগিতাদেশ দেওয়া হয়েছে। রাজ্য সরকারগুলি যতদিন না এ বিষয়ে সুস্পষ্ট নিয়ম তৈরী করছে, ততদিন পর্যন্ত এই স্থগিতাদেশ বজায় থাকবে। সুপ্রিম কোর্ট প্রাথমিকভাবে মনে করছেন, , সম্পূর্ন সংশোধনী আইন বাতিল করার কোনো যৌক্তিকতা নেই।

কোন সরকারি সম্পত্তি, ওয়াকফ হিসেবে দখল হয়েছে কিনা, তা' দেখার জন্য সরকারি আধিকারিকের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতার ওপর'ও স্থগিতাদেশ দিয়েছে শীর্ষ আদালত। এই বিষয়ে ট্রাইবুনাল-এর সিদ্ধান্ত গ্রহণের আগে, কোনো তৃতীয় পক্ষ তার অধিকার দাবী করতে পারবে না।

ওয়াকফ বোর্ডগুলিতে অ-মুসলিম সদস্য মনোনীত করার বিষয়ে সীমা নির্ধারণ করে দিয়েছেন সর্বচ্চ আদালত। তবে বোর্ডের পদাধিকার বলে সদস্য যাতে মুসলিম হন, তা' দেখার ওপরেও জোর দিয়েছে আদালত।

শীর্ষ আদালত জানিয়েছে, সেন্ট্রাল ওয়াকফ কাউন্সিলে চারজনের বেশী এবং স্টেট ওয়াকফ বোর্ড-এ তিনজনের বেশী অ-মুসলিম সদস্য থাকতে পারবেন না।

----------------------

কলকাতা বিমানবন্দরে প্রবেশের সময় পুলিশ আজ কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের গাড়ি আটকে দিলে শ্রী মজুমদার লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাকে চিঠি দিয়েছেন। ঐ চিঠিতে তিনি সংশ্লিষ্ট আধিকারিকের বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের আর্জি জানিয়েছেন অধ্যক্ষের কাছে। শ্রী মজুমদার সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, পুলিশ প্রোটোকলের নামে অনেক দূরে তার গাড়ি আটকে দিলে তাকে বেশ কিছুটা পথ হেঁটে যেতে হয়। অথচ তার পরপরই রাজ্যের মন্ত্রী সুজিত বসু সেখানে প্রবেশ করতে

গেলে পুলিশ কোনো প্রটোকল না দেখিয়েই এয়ারপোর্টের প্রবেশদ্বার পর্যন্ত তার গাড়ি যাওয়ার অনুমতি দেয়। রাজ্য পুলিশের প্রোটোকল কেন্দ্রীয় মন্ত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হলেও রাজ্যের মন্ত্রীর ক্ষেত্রে কেন নয়, সেই প্রশ্নও তুলে সুকান্ত বাবু বলেছেন, এই ধরনের বৈষম্যমূলক আচরণ মেনে নেওয়া হবে না।

বাইট

-----------------------

পূর্ব মেদিনীপুরে এক চাকরীহারা শিক্ষকের মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। সন্তোষ কুমার মন্ডল নামে ঐ শিক্ষক আদালতের রায় চাকরী হারান। তারপর থেকেই তিনি মানসিক অবসাদে ভুগছিলেন বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে। এসএসসির একাদশ দ্বাদশ শ্রেণির পরীক্ষার আগের দিন অর্থাত্ শনিবার রাতে আচমকাই অসুস্থ হয়ে প্রাণ হারান সন্তোষবাবু।

এদিকে, বিজেপি চাকরিহারা শিক্ষকের মৃত্যুর ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকেই দায়ি করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতায় আজ সাংবাদিকদের বলেন, সুপ্রিম কোর্টের নির্দেশে ৯ বছর পর এসএসসির পরীক্ষা হয়েছে। এজন্য রাজ্যের শিক্ষা মন্ত্রী পুরো কৃতিত্ব দিয়েছেন মুখ্যমন্ত্রীকে। কিন্তু ২০১৬ সালে নিয়োগ দুর্নীতির সময়েও মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রীর পদে ছিলেন। তাই দুর্নীতির দায়ও তাকেই নিতে হবে।

বাইট

এদিকে ২০১৬ প্যানেলের যোগ্য শিক্ষক পূর্ব মেদিনীপুরে কোলাঘাট আড়িষান্ডা হাই স্কুলের সহ - শিক্ষক সন্তোষ কুমার মন্ডলের অকাল মৃত্যুর ঘটনায় মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি (STEA) , ওই শিক্ষকের পরিবারকে ৫ কোটি টাকা ক্ষতিপূরণ এবং

নিকট আত্মীয়কে সরকারি চাকরির ব্যবস্থা করার দাবি জানিয়েছে। সমিতির সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ এক বিবৃতিতে , এর পাশাপাশি সমস্ত যোগ্য শিক্ষক শিক্ষা কর্মীকে চাকরিতে পুনর্বহালের দাবি জানান।

----------------------

প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতিতে সিবিআইয়ের মামলায়, প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের করা জামিনের আবেদনের শুনানি শেষে আজ রায়দান স্থগিত রেখেছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি শুভ্রা ঘোষ। এই মামলায় জামিন পেলে জেল থেকে মুক্ত হতে পারেন প্রাক্তন শিক্ষামন্ত্রী। এর আগে তিনি ইডির মামলায় জামিন পান।

উল্লেখ্য, চলতি মাসের শুরুতেই নবম দশমের নিয়োগ দুর্নীতি সংক্রান্ত সিবিআইয়ের মামলায় আলিপুরের বিশেষ আদালত ৭ হাজার টাকার ব্যক্তিগত বন্ডে তার জামিন মঞ্জুর করেন। পাশাপাশি গ্রু সি মামলাতেও সুপ্রিম কোর্ট থেকে আগেই জামিন পেয়েছেন পার্থ।

----------------------

যাদবপুরে বিশ্ববিদ্যালয়ের ছাত্রী অনামিকা মন্ডলের মৃত্যুর ঘটনায় তার বাবা মা আজ যাদবপুর থানায় খুনের অভিযোগ দায়ের করেছে। পরে তারা লালবাজারে গিয়ে পুলিশ কমিশনারের সঙ্গে দেখা করেন। পুলিশ ইতোমধ্যেই মৃতা ছাত্রীর তিন বন্ধুকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে।

উল্লেখ্য, গতকাল ফরেন্সিক দল ঘটনাস্থল পরিদর্শন করে। সিসিটিভি ফুটেজও খতিয়ে দেখা হয়। মৃতার মোবাইল ফোনও উদ্ধার করা হয়েছে।

আগেই জানানো হয়েছে, গত সপ্তাহে ইংরেজির তৃতীয় বর্ষের ছাত্রী অনামিকাকে বিশ্ববিদ্যালয়ের পুকুরে ভাসতে দেখা যায়। হাসপাতালে নিয়ে গেলে মৃত ঘোষণা করা হয় তাকে।

----------------------

বেটিং অ্যাপ সংক্রান্ত তদন্তে অভিনেত্রী মিমি চক্রবর্তী আজ দিল্লিতে ইডি-র দপ্তরে হাজিরা দিয়েছেন।আট ঘন্টার'ও বেশী সময় তাঁকে জিজ্ঞাসাবাদ চলছে।

উল্লেখ্য, বেটিং অ্যাপ-এর বিজ্ঞাপনী প্রচার সংক্রান্ত তদন্তে ওই সংস্থা আজ অভিনেত্রীকে দিল্লির কেন্দ্রীয় দপ্তরে তলব করে। সকাল ১১ টার আগে হাজিরা দেন তিনি।

একই বেটিং অ্যাপ কান্ডে আগামীকাল অভিনেতা অঙ্কুশ হাজরা ও অভিনেত্রী ঊর্বশী রাউতেলা কেও তলব করা হয়েছে।

----------------------

কৃষি সরঞ্জামের উপর জিএসটি হার হ্রাসের ফলে সারা দেশের কৃষকদের সুবিধা হবে। বর্ধমানের পূর্বস্থলীর কৃষক রফিকুল আলম শাহানা জানালেন কৃষি সরঞ্জামের দাম কমায় তাদের লাভ হবে , ভবিষ্যতে সরকার জৈব সারে ভর্তুকির পরিমাণ বাড়াবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

বাইট

----------------------

রাজ্য সরকার তফসিলি জাতির শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে নিয়ম শিথিল করতে চলেছে। নবান্নে আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে রাজ্য তফসিলি উপদেষ্টা পর্ষদের

বৈঠক এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এদিনের বৈঠকে পর্ষদের সদস্যরা অভিযোগ করেন, শংসাপত্র যাচাইয়ের ক্ষেত্রে অনেক ন্যায্য প্রাপকের নামও বাদ চলে যাচ্ছে। ফলে তাঁরা সমস্যায় পড়ছেন  এই ধরণের ঘটনা যেন আর না ঘটে, তা নিয়ে সতর্ক করে দিয়েছেন মুখ্যমন্ত্রী। এদিনের বৈঠকে তফসিলি জাতিভুক্তরা যাতে ঠিক মত সরকারি পরিষেবার বিষয়ে জানতে পারেন তা নিয়ে বিশেষভাবে প্রচার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলেও প্রশাসনিক সূত্রে জানা গেছে।

-----------------------

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম আজ অবসর গ্রহণ করেছেন। হাইকোর্টে এক অনুষ্ঠানে বিদায়ী ভাষণে অবসরপ্রাপ্ত বিচারপতি তার কার্যকালের বিভিন্ন ঘটনার অভিজ্ঞতার কথা স্মরণ করেন।

বিচারপতি সৌমেন সেন আপাতত কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে দায়িত্ব সামলাবেন। কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রকের পক্ষ থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে আজ একথা জানানো হয়েছে।

উল্লেখ্য বিচারপতি সৌমেন সেনই এখন কলকাতা হাইকোর্টের সবচেয়ে বরিষ্ঠ বিচারপতি। যদিও সুপ্রিম কোর্টের কলেজিয়াম বিচারপতি সেনকে সম্প্রতি মেঘালয় হাইকোর্টের প্রধান বিচারপতি করার সুপারিশ করেছে।

-----------------------

আজ থেকে শুরু হয়েছে সেবা পর্ব কর্মসূচি। এর  অধীনে আজ শুনবেন বিশেষ আলোচনা ‘বিকশিত ভারতের লক্ষ্যে অর্থনৈতিক অগ্রগতি’। অর্থনীতিবিদ অধ্যাপক পিনাকী চক্রবর্তীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আলোচনাটি শোনা যাবে আজ রাত

সাড়ে ন'টায় গীতাঞ্জলি ও DTH বাংলায় এবং আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

-----------------------

মোহনবাগান সুপার জায়ান্ট আগামীকাল  এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু, র গ্রুপ সি, র ম্যাচে তুর্কমেনিস্তানের আহল এফ কে, র  মুখোমুখি হবে।যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু সন্ধ্যে সাতটা পনেরোয়।

----------------------- -----------------------